

জানা গেলো এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের সময়

×

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ১৯:৪৫, ২৬ সেপ্টেম্বর ২০২৫



অক্টোবরের দ্বিতীয় সপ্তাহেই প্রকাশিত হতে যাচ্ছে এ বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফল। শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, লিখিত পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে ফল প্রকাশের নিয়ম অনুযায়ী আগামী ১৯ অক্টোবরের মধ্যেই ফল প্রকাশ করতে হবে।

ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ও আন্তর্শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দার জানিয়েছেন, নির্ধারিত সময়ের মধ্যেই ফলাফল প্রকাশের প্রস্তুতি প্রায় শেষ পর্যায়ে রয়েছে। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, নির্ধারিত সময়সীমার মধ্যেই ফল হাতে পাবে শিক্ষার্থীরা।

এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছিল গত ২৬ জুন। নির্ধারিত সূচি অনুযায়ী শেষ হওয়ার কথা ছিল ১৩ আগস্ট, তবে কয়েকটি পরীক্ষা স্থগিত হওয়ায় সংশোধিত সূচি অনুযায়ী সবশেষ পরীক্ষা শেষ হয় ১৯ আগস্ট।

চলতি বছর ১১টি শিক্ষা বোর্ডের অধীনে মোট ১২ লাখ ৫১ হাজার ১১১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেন। এর মধ্যে ছেলে পরীক্ষার্থী ৬ লাখ ১৮ হাজার ১৫ জন এবং মেয়ে পরীক্ষার্থী ৬ লাখ ৩৩ হাজার ৯৬ জন। সারা দেশে ২ হাজার ৭৯৭টি কেন্দ্রে অনুষ্ঠিত এই পরীক্ষায় প্রায় ২৭ হাজার শিক্ষার্থী অনুপস্থিত ছিলেন। ফলে এবার ফলাফলের অপেক্ষায় রয়েছে সোয়া ১২ লাখ পরীক্ষার্থী।